গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
জাহাজ ও নৌ চলাচল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮৩.৪৯.০২৬.১৯.২২১ তারিখ: ৩০ ভাদ্র ১৪২৭
১৪ সেপ্টেম্বর ২০২০

বিষয়: **২০২০-২০২১ অর্থ বছরের অবশিষ্ট সময় হতে ০২ (দুই) বছরের জন্য মেজর ক্যারিয়ার, খুলনা নৌ পরিবহণ ঠিকাদার নিয়োগের লক্ষ্যে তালিকাভুক্তির কার্যক্রম সম্পর্কিত খুলনা মেজর ক্যারিয়ার সমিতির আবেদন নিষ্পত্তিকরণ।**

সূত্র: খুলনা মেজর ক্যারিয়ার সমিতি এর ২৫/০৮/২০২০ খ্রি. ও ২৬/০৮/২০২০ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে ২০২০-২০২১ অর্থ বছরের অবশিষ্ট সময় হতে ০২ (দুই) বছরের জন্য মেজর ক্যারিয়ার, খুলনা নৌ পরিবহণ ঠিকাদার নিয়োগের লক্ষ্যে তালিকাভুক্তির আবেদন গ্রহণ করোনা ভাইরাস (কোভিড-১৯) সময়কালীন কার্যক্রম স্থগিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে।

এ প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের জন্য সর্বশেষ উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে মেজর ক্যারিয়ার, খুলনা নৌ পরিবহণ ঠিকাদার নিয়োগ করা হয়। অতঃপর নতুন ঠিকাদার নিয়োগের লক্ষ্যে দরপত্র আহবান করা হলে আহুত দরপত্রের বিরুদ্ধে মামলা দায়ের হয়। পরবর্তীতে খাদ্য অধিদপ্তরের পক্ষ থেকে উহার যথাযথ জবাব আদালতে দাখিল করা হয়। উদ্ভুত পরিস্থিতিতে ০৩ (তিন) শ্রেণির ঠিকাদার নেতৃবৃন্দের সাথে কর্তৃপক্ষের অনানুষ্ঠানিক আলোচনা হয় এবং তাদের দাবির প্রেক্ষিতে দরপত্র স্থগিত করা হয়। ঠিকাদার সমিতির সাথে আলোচনার প্রেক্ষিতে ঠিকাদারগণ কর্তৃক মামলা না চালানোর আবেদনে মামলাটি খারিজ হয়ে যায়। অতঃপর খুলনা মেজর ক্যারিয়ার সমিতি কর্তৃক পরিবহণ দর বৃদ্ধির দাবির প্রেক্ষিতে সিপিটিইউ এর আইনগত পরামর্শ ও খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে খুলনা মেজর ক্যারিয়ার সমিতি কর্তৃক মনোনীত কর্মকর্তা ও প্রতিনিধিদের সাথে নিম্নোক্ত নিগোসিয়েশন হয়:

| | | |
|---|---|---|
| ০১। | (i) | মেজর ক্যারিয়ার, খুলনা এবং ডিবিসিসি (খুলনা-বরিশাল) নৌ পরিবহণ ঠিকাদারদের বিদ্যমান চুক্তিসমূহের আওতায় যে সকল আইটেমের বাজার মূল্য বৃদ্ধি পেয়েছে সে সকল আইটেমের দর সভায় ঠিকাদারদের সঙ্গে নিগোসিয়েশনের মাধ্যমে সংশোধিত দর ০১/০১/২০১৫ খ্রি. তারিখ হতে ৩০/০৯/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত পূর্বের চুক্তিবদ্ধ/বর্তমান চলমান কার্যদরের উপর ৯.৪০% (শতকরা নয় দশমিক চার শূন্য) বৃদ্ধি করা যেতে পারে। |
| | | |

| | | |
|---|---|---|
| | (ii) | খাদ্য বিভাগীয় পরিবহণ ঠিকাদারদের কার্যদর বৃদ্ধি এবং ভূতাপেক্ষ অনুমোদনের বিষয়ে সিপিটিইউ এর ০৪/১২/২০১৮ খ্রি. তারিখের ২১.০০.০০০০.৩৬৪.২২.৯৪৩.১৭-১৮৯ নং স্মারকে প্রদত্ত আইনগত পরামর্শ মোতাবেক সভায় নিগোসিয়েশনের মাধ্যমে স্থিরিকৃত সংশোধিত চুক্তিমূল্য ৯.৪০% (শতকরা নয় দশমিক চার শূন্য) বৃদ্ধি পাওয়ায় আর্থিক ক্ষমতা অর্পন আদেশ অনুযায়ী সংশোধিত চুক্তিমূল্য খাদ্য মন্ত্রণালয়ের ভূতাপেক্ষ প্রশাসনিক অনুমোদন গ্রহণ আবশ্যক। নির্ধারিত বাজেট বরাদ্দের মধ্যে সম্ভাব্য ব্যয় সীমিত রেখে অর্থ ব্যয়ের সংশ্লিষ্ট বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালনপূর্বক ঠিকাদারদের বকেয়া পরিশোধযোগ্য হবে। সংশোধিত চুক্তিমূল্যের ভিত্তিতে আবশ্যক হলে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য অর্থ বিভাগকে অর্থ মঞ্জুরির প্রস্তাব প্রেরণ করতে হবে; |
| ০২। | (i) | ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের জন্য নিয়োগকৃত মেজর ক্যারিয়ার, খুলনা এবং ডিবিসিসি (খুলনা-বরিশাল) নৌ পরিবহণ ঠিকাদারদের নিয়োগ চুক্তির মেয়াদ শেষ হওয়ার পর নতুন নিয়োগ না হওয়ায় পাবলিক প্রক্রিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি-৭৬(১)(ক) অনুযায়ী ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমোদনক্রমে সরাসরি চুক্তির অনুসরণে ইতঃপূর্বে সম্পাদিত চুক্তি অনুযায়ী তাদের প্রদত্ত সেবা ক্রয়কারীর কাছে সন্তোষজনক প্রতিপন্ন হওয়ার শর্তে বিদ্যমান পরিবহণ ঠিকাদারদের সঙ্গে সভায় নিগোসিয়েশনের প্রেক্ষিতে ০১/১০/২০২০ খ্রি. তারিখ হতে ৩০/০৬/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত সংশোধিত চুক্তিমূল্য ৯.৪০% (শতকরা নয় দশমিক চার শূন্য) বর্ধিত দরে ভবিষ্যত কার্য সম্পাদন চুক্তি স্বাক্ষর করা যেতে পারে। |
| | (ii) | মেজর ক্যারিয়ার, খুলনা এবং ডিবিসিসি (খুলনা-বরিশাল) নৌ পরিবহণ ঠিকাদারদের সাথে ইতোপূর্বেকার চুক্তি অনুযায়ী তাদের প্রদত্ত সেবা ক্রয়কারীর কাছে সন্তোষজনক প্রতিপন্ন হওয়ার শর্ত অনুসরণের ক্ষেত্রে ঠিকাদারদের অনুকূলে জারীকৃত চলাচল সূচির ৭৫% পরিবাহিত খাদ্যশস্যের ভিত্তিতে সন্তোষজনক পারফর্মেন্স হিসেবে গণ্য করা যেতে পারে; |
| ০৩। | | অর্থ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, সিপিটিইউ ও খাদ্য অধিদপ্তরের সমন্বয়ে ২৫/১০/২০১৮ খ্রি. তারিখে খাদ্য মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ৩০/০৬/২০২১ খ্রি. তারিখের মধ্যে তালিকাভুক্তিকরণ করে মেজর ক্যারিয়ার, খুলনা এবং ডিবিসিসি (খুলনা-বরিশাল) নৌ পরিবহণ ঠিকাদার নিয়োগের কার্যক্রম চূড়ান্ত করা যেতে পারে। |

**ইতিমধ্যে খাদ্য মন্ত্রণালয় থেকে ৯.৪০% কার্যদর বৃদ্ধিসহ উক্ত নিগোসিয়েশন সিদ্ধান্তসমূহ অনুমোদন করা হয়েছে।**

বর্তমানে সরকার কর্তৃক গণপরিবহণ চলাচলে বিধি নিষেধ প্রত্যাহার করা হয়েছে এবং সকল সরকারি/বে-সরকারি অফিস আদালত খুলে দেওয়া হয়েছে। বর্তমানে দাপ্তরিক সকল কার্যক্রম যথানিয়মে চলমান থাকায় চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ২৬/০৮/২০২০ খ্রি. তারিখের ১৯৫ নং স্মারকে তালিকাভুক্তির বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। ফলে ঠিকাদারদের সম্পাদিত নেগোসিয়েশন অনুযায়ী জুন'২০২১ এর পূর্বে ঠিকাদার নিয়োগ কার্যক্রম সমাপ্ত করার বাধ্যবাধকতা রয়েছে। বিধায় সূত্রস্থ তারিখে প্রাপ্ত তালিকাভুক্তি কার্যক্রম স্থগিতের আবেদন মোটেও কাম্য নয়।

বর্ণিতাবস্থায়, ৭ (সাত) বছর পূর্বে নিয়োগকৃত একই ঠিকাদারগণ দ্বারা বারংবার সময় বৃদ্ধি করে ঠিকাদারি কার্যক্রম পরিচালনা করা পিপিআর'২০০৮ এর সাথে অসংগতিপূর্ণ এবং এহেন কার্যক্রম সরকারি কাজে.র স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে সাংঘর্ষিক। এমতাবস্থায় পিপিআর'২০০৮ মোতাবেক জারিকৃত ২০২০-২০২১ অর্থ বছরের অবশিষ্ট সময় হতে ০২ (দুই) বছরের জন্য মেজর ক্যারিয়ার, খুলনা নিয়োগের লক্ষ্যে তালিকাভুক্তির কার্যক্রম স্থগিত করা সম্পর্কিত খুলনা মেজর ক্যারিয়ার সমিতি এর আবেদন বিবেচনা করার অবকাশ নেই।

১৭-৯-২০২০
আব্দুল্লাহ আল মামুন
পরিচালক

বিতরণ :
১) সভাপতি, খুলনা মেজর ক্যারিয়ার সমিতি, ৬৯,
খান-এ সবুর রোড, খুলনা।
২) সাধারণ সম্পাদক, ৬৯, খান-এ সবুর রোড, খুলনা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮৩.৪৯.০২৬.১৯.২২১/১(৫)

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৭
১৪ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, ঢাকা।
২) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩) অতিরিক্ত মহাপরিচালক,, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১৭-৯-২০২০
আব্দুল্লাহ আল মামুন
পরিচালক